দৈনিক আমাদের সময়

তারিখ 5 JAN 2017
পৃঃ ৬

# টাঙ্গাইলে প্রাথমিকের ৩ বিষয়ের বই পায়নি ৯২৮৮০ শিক্ষার্থী

কাজল আর্য, কালিহাতী ●

সারা দেশে চলছে বই উৎসব। কিন্তু টাঙ্গাইলের ৫ উপজেলায় প্রাথমিক বিদ্যালয়ের ৯২ হাজার ৮৮০ জন শিক্ষার্থী ৩টি বিষয়ের বই এখনো পায়নি। কর্তৃপক্ষ বলছে, আগামী সপ্তাহের মধ্যেই সকল বই পৌঁছে যাবে শিক্ষার্থীদের হাতে। এদিকে ৩টি বিষয়ে বিদ্যালয়ে ক্লাস শুরু করতে পারছেন না শিক্ষকরা।

জেলা প্রাথমিক শিক্ষা অফিসার কার্যালয় সূত্রে জানা যায়, টাঙ্গাইলের তৃতীয়, চতুর্থ ও পঞ্চম শ্রেণির প্রাথমিক বিজ্ঞান, বাংলাদেশ ও বিশ্ব পরিচয় ও ধর্মশিক্ষা বই এখনো ছাত্র-ছাত্রীদের কাছে পৌঁছেনি। জেলার ১ হাজার ২৪০টি প্রাথমিক বিদ্যালয়ের মধ্যে ধনবাড়ি উপজেলায় ১৪ হাজার ৪৮৫ জন, মধুপুর উপজেলায় ১৮ হাজার ৮১৬ জন, গোপালপুর উপজেলায় ২০ হাজার ৬১৮ জন, ভূঞাপুর উপজেলায় ১৩ হাজার ৬২৬ জন ও ঘাটাইল উপজেলায় ২৫ হাজার ৭৪৫ জন শিক্ষার্থী নতুন বই থেকে এখনো বঞ্চিত। এতে কোমলমতি শিক্ষার্থীদের মাঝে বিরাজ করছে হতাশা; ক্ষুব্ধ অভিভাবকরা।

কালিহাতী উপজেলা মুক্তিযোদ্ধা সংসদের কমান্ডার ও মাইস্তা সরকারি প্রাথমিক বিদ্যালয় পরিচালনা কমিটির সভাপতি মিজানুর রহমান মজনু বলেন, অনেক অভিভাবক বই না পাওয়ার বিষয়টি আমাকে জানিয়েছেন। বিষয়টি কর্তৃপক্ষকে জানানো হয়েছে।

একাধিক প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক জানান, ৩টি শ্রেণির ৩টি বিষয়ের বই না পাওয়ার কারণে শিক্ষার্থীদের হাতে বই তুলে দিতে পারিনি। ফলে এখনো ওই ৩ বিষয়ের ওপর ক্লাসে পাঠদান শুরু করতে পারিনি। তবে আশা করছি, কয়েকদিনের মধ্যে বাকি বইগুলো শিক্ষার্থীদের মাঝে বিতরণ করা হবে।

টাঙ্গাইল জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা আতাউর রহমান বলেন, জেলার ৫ উপজেলায় তিনটি বিষয়ের বই গতকাল (বুধবার) পর্যন্ত শিক্ষার্থীদের হাতে পৌঁছেনি। আমরা বিষয়টি উর্ধ্বতন কর্মকর্তাদের অবহিত করেছি। আশা করছি আগামী সপ্তাহের মধ্যেই বইগুলো ছাত্রছাত্রীরা পেয়ে যাবে।